দৈনিক জনকণ্ঠ

তারিখ 19 MAR 2016
পৃষ্ঠা ১৫ কলাম ৪

# বোয়ালমারীতে স্কুলছাত্রীর শ্লীলতাহানির ঘটনায় শিক্ষককে অব্যাহতি

**সংবাদদাতা, বোয়ালমারী, ফরিদপুর, ১৮ মার্চ ॥** ফরিদপুরের বোয়ালমারী উপজেলার দাদপুর ইউনিয়নের রাঙামুলারকান্দি হাজী আব্দুল্লাহ একাডেমির সিনিয়র শিক্ষক ও সাবেক ইউপি চেয়ারম্যান ইউনুচ আলী মিয়ার বিরুদ্ধে ছাত্রীর শ্লীলতাহানির অভিযোগ উঠেছে। বাধ্য হয়ে ওই শিক্ষক শুক্রবার দুপুরে প্রধান শিক্ষকের নিকট চাকরি থেকে অব্যাহতি চেয়ে পদত্যাগপত্র দিয়েছে। তবে শিক্ষক ইউনুচ আলী ষড়যন্ত্রের শিকার বলে দাবি করেছেন। পদত্যাগপত্র হাতে পাওয়ার কথা স্বীকার করে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আইয়ুব আলী বলেন; ইউনুচ আলী সপ্তম শ্রেণীর এক ছাত্রীকে বিভিন্ন সময় ডেকে নিয়ে তার শরীরের স্পর্শকাতর অঙ্গে হাত দেয়, গালে মুখে চুমু খায়। পরে ছাত্রীর মা বৃহস্পতিবার তার (প্রধান শিক্ষক) নিকট লিখিত অভিযোগ দিলে তিনি বিষয়টি বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি, ইউএনও, ওসি এবং মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে মৌখিকভাবে অবহিত করেন। এলাকায় এ ঘটনা জানাজানি হলে এ রকম আরও ঘটনা বেরিয়ে আসছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সৈয়দ আহমেদ জামশেদ বলেন, প্রধান শিক্ষক তাকে বিষয়টি জানিয়েছেন।

দোষী শিক্ষকের দৃষ্টান্তমূলক শাস্তি হওয়া উচিত বলে তিনি মনে করেন। এলাকাবাসীরও সোচ্চার হওয়া দরকার যাতে ভবিষ্যতে আর কোন শিক্ষক এ ধরনের কর্মকাণ্ড ঘটাতে সাহস না পায়।